

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকের অনিয়ম বিচারে টাইবুনাল গঠন

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

প্রশ্নপত্র ফাঁস, পরীক্ষার পর বাসায় এনে ছাত্রদেরকে উত্তরপত্রে উত্তর লিখতে দেয়াসহ বিভিন্ন প্রকার নৈতিক অপরাধের বিচারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের, অর্থনীতি বিভাগের অধ্যাপক এএইচএম মাহবুবুল আলমের বিরুদ্ধে ৩ সদস্যবিশিষ্ট একটি টাইবুনাল গঠন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ অনুযায়ী সিন্ডিকেট এ টাইবুনাল গঠন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এ ধরনের ঘটনা এটাই প্রথম।

নির্ভরযোগ্য একটি সূত্র জানায়, গত ১১ই এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ৩ সদস্যবিশিষ্ট টাইবুনালের সদস্যগণের মধ্যে একজন সিনেট সদস্য, একজন সিন্ডিকেট সদস্য এবং অভিযুক্ত অধ্যাপক মাহবুবুল আলমের একজন প্রতিনিধি থাকবেন। এই টাইবুনালের রিপোর্টের ভিত্তিতেই বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট অধ্যাপক মাহবুবুল আলমের বিরুদ্ধে ব্যবস্থা নেবে বলে সূত্র জানায়।

সূত্র জানায়, অধ্যাপক এএইচএম মাহবুবুল আলমের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট গত '৯৫ সালের ২৮শে ডিসেম্বর ৫ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করে। বিভিন্ন সাক্ষীর সাক্ষ্য পর্যালোচনা করে কমিটি মনে করে যে, অভিযোগসমূহের প্রাথমিক ভিত্তি আছে।

সূত্র জানায়, সিন্ডিকেট গঠিত তদন্ত

কমিটি অভিযুক্ত অধ্যাপক মাহবুবুল আলমের উপস্থিতিতেই ছাত্র-শিক্ষকদের সাক্ষ্য নেয়। সাক্ষীদের মধ্যে প্রাক্তন ছাত্র মোঃ হারুন অর রশীদ তালুকদার, মোঃ সাইফুল হোসেন এবং ছাত্রী বেগম মঞ্জুরা মমতাজসহ কয়েকজন সরাসরি অধ্যাপক আলমের সামনেই বলেন যে, তারা ঢাকার বিনিময়ে অধ্যাপক আলমের বাসায় বসে পরীক্ষার খাতায় উত্তর লিখেছেন।

সূত্র আরো জানায়, অধ্যাপক মাহবুবুল আলম নিজে তার দোষ স্বীকার করে সিন্ডিকেটের কাছে ক্ষমা প্রার্থনা করে আবেদন পেশ করেছেন বলে গত ১২ই জানুয়ারি অনুষ্ঠিত তদন্ত কমিটির অন্যতম সদস্য ও অধ্যাপক মাহবুবুল আলমের প্রতিনিধি এডভোকেট কাজী আবদুল ওহাব কমিটিকে জানিয়েছেন।